উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১(অংশ-২)-৭০৫

তারিখ : ১৪ অগ্রহায়ণ, ১৪২৩
২৮ নভেম্বর, ২০১৬

বিষয় : ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদসহ অন্যান্য পদে নিয়োগের জন্য গেজেট প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের ০৩ অক্টোবর, ২০১৬ তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১০.২০১১(অংশ-২)-৫৮১ সংখ্যক পত্রে ২০০০টি ইউনিয়ন পরিষদের জন্য হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর পদ অস্থায়ীভাবে সৃজন করা হয়েছে। উক্ত পদসহ ইউনিয়ন পরিষদের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের বিষয়ে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর ১৩/০৭/২০১৬ তারিখে প্রকাশিত সংশোধিত গেজেট এবং ১৫/১১/২০১৬ তারিখে প্রকাশিত অধিকতর সংশোধিত গেজেট এর কপি নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
উপ-সচিব
ফোন ঃ ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)
---------------------জেলা।

<u>সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার(ডিডিএলজি)------------------------(সকল জেলা)।
৪. উপজেলা নির্বাহী অফিসার---------------------উপজেলা------------------জেলা।
৫. চেয়ারম্যান---------------------ইউনিয়ন পরিষদ,-----------------উপজেলা------------------জেলা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ১৩, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ আষাঢ় ১৪২৩ বঙ্গাব্দ/১২ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২২৭-আইন/২০১৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ), আইন ২০০৯(২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার তফসিল-১ এর পরিবর্তে নিম্নরূপ তফসিল-১ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"তফসিল-১

(বিধি ২ এর দফা (ঝ) দ্রষ্টব্য)

ক্রমিক নং	পদের নাম	সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
(১)	সচিব	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী।
(২)	হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।

মূল্য : টাকা ৪.০০

১	২	৩	৪	৫
(৩)	দফাদার	৩০ বৎসর	পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে	**পদোন্নতির ক্ষেত্রে :** মহল্লাদার পদে অন্যূন ১০(দশ) বৎসরের চাকুরী। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
(৪)	মহল্লাদার	৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে	**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** অষ্টম শ্রেণী বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd]

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ১৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রজ্ঞাপন

তারিখ: ২৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১৩ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৩৬-আইন/২০১৬।—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬ এর দফা (ঙ) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি-২ এর দফা (ট) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ট) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"(ট) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে ডেপুটি কমিশনার এবং দফাদার ও মহাল্লাদার পদের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার;";

(২) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"**৭। বাছাই কমিটি।**—(১) সচিব ও হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথাঃ—

(ক) ডেপুটি কমিশনার, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) পুলিশ সুপার;

(গ) জেলা সদরের পৌরসভার মেয়র;

(ঘ) নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর;

(ঙ) উপ-পরিচালক, স্থানীয় সরকার (ডিডিএলজি), যিনি উহার সচিবও হইবেন।

মূল্য ঃ টাকা ৪.০০

২। দফাদার ও মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) উপজেলা নির্বাহী অফিসার, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) উপজেলা প্রকৌশলী;

(গ) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা;

(ঘ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান;

(ঙ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, যিনি উহার সচিবও হইবেন।

(৩) বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd